যুগান্তর

তারিখ ...
পৃষ্ঠা ... কলাম ...



ঢাবি ক্যাম্পাসে ছাত্রদের ওপর পুলিশি অ্যাকশন -যুগান্তর



ছাত্রীদের ওপর পুলিশের নির্মম লাঠিচার্জ -এএফপি

# শামসুন্নাহার হলে গভীর রাতে পুলিশের হানা : ঢাবি ক্যাম্পাস রণক্ষেত্র

## ○ ১৮ ছাত্রী গ্রেফতার ও পরে মুক্তিদান ○ সংঘর্ষে শতাধিক আহত : বিডিআর মোতায়েন

যুগান্তর রিপোর্ট

মঙ্গলবার গভীর রাতে পুলিশ শামসুন্নাহার হলে ঢুকে প্রভোস্টের অপসারণকে কেন্দ্র করে ক্ষুব্ধ ছাত্রীদের ওপর হামলা চালিয়ে ১৮ জনকে গ্রেফতার করে। রমনা থানায় কয়েক ঘণ্টা আটক রাখার পর গতকাল সকালে তাদের ছেড়ে দেয়া হয়। ঢাকা বিশ্ববিদ্যালয়ের ইতিহাসে এ ধরনের নজিরবিহীন ঘটনায় গতকাল ফুঁসে উঠেছিল সাধারণ ছাত্রছাত্রীরা। তারা ক্যাম্পাসে পুলিশের সঙ্গে দফায় দফায় সংঘর্ষে লিপ্ত হয়। পুলিশ বেধড়ক লাঠিচার্জ করে এবং কাঁদানে গ্যাস ছোড়ে। এতে শতাধিক ছাত্র আহত হয়। পরিস্থিতি নিয়ন্ত্রণে ক্যাম্পাসে বিডিআর মোতায়েন করা হয়েছে। আজ বিশ্ববিদ্যালয়ে ধর্মঘট ডাকা হয়েছে। কর্তৃপক্ষ আজকের সব পরীক্ষা স্থগিত করেছে। বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ শামসুন্নাহার হলের প্রভোস্ট সুলতানা শফিকে অপসারণ করেছে। উপাচার্য শামসুন্নাহার হলের ঘটনার জন্য সুলতানা শফিকে দায়ী করেছেন। পুলিশ বলেছে, শামসুন্নাহার হলে কয়েকজন ছাত্রীকে কক্ষে আটকে রেখে নির্যাতন করা হলে তাদের উদ্ধারের জন্য পুলিশ হলে প্রবেশ করতে বাধ্য হয়। ছাত্রী হলে পুরুষ পুলিশের নজিরবিহীন হামলার প্রতিবাদে গতকাল ক্যাম্পাসে বিক্ষুব্ধ ছাত্রছাত্রী ও বিভিন্ন ছাত্র সংগঠনের নেতাকর্মীদের ওপর পুলিশ নির্বিচারে দেড় শতাধিক টিয়ার সেল ও রাবার বুলেট নিক্ষেপ এবং লাঠিচার্জ করে। পুরো ক্যাম্পাস রণক্ষেত্রে পরিণত হয়। ছাত্রছাত্রীরা ক্যাম্পাসের বিভিন্ন এলাকায় ২৮/৩০টি গাড়ি ভাংচুর ও একটি বাসে আগুন ধরিয়ে দেয়। তারা উপাচার্য কার্যালয় ভাংচুর করে। এ ঘটনায় ছাত্রছাত্রী, সাংবাদিক ও ছাত্র নেতাকর্মীসহ শতাধিক আহত হয়েছেন। পুলিশ ১৫ জনকে গ্রেফতার করেছে। পুলিশের হামলার প্রতিবাদে সাধারণ ছাত্রছাত্রী ও বিভিন্ন ছাত্র সংগঠন আজ ছাত্র ধর্মঘটের ডাক দিয়েছে। ছাত্রলীগ আজকের ধর্মঘট সমর্থনের পাশাপাশি অনির্দিষ্টকালের জন্য ধর্মঘট ডেকেছে। বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ ঘটনা তদন্ত করে রিপোর্ট পেশের জন্য তিন দিনের সময় দিয়ে একটি তদন্ত কমিটি গঠন করেছে। ছাত্রলীগসহ অন্য প্রগতিশীল ছাত্র সংগঠনগুলোর নেতৃবৃন্দ সরকারি মদদে পুলিশ ও ছাত্রদল যৌথভাবে হামলা চালিয়েছে বলে অভিযোগ করে বলেছেন, ছাত্র রাজনীতি বন্ধের চক্রান্ত বাস্তবায়নের জন্য পরিকল্পিতভাবে সাধারণ ছাত্রছাত্রী ও ছাত্র সংগঠনকে রাজপথে নামানো হয়েছে। তারা ক্যাম্পাস : পৃষ্ঠা : ১৫ কলাম : ৫